DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 05 Oct 2026, 06:23 AM

সারাদেশ

আশুগঞ্জে গাঁজা ও ফেন্সিডিলসহ ৩ মাদক কারবারি গ্রেফতার

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০১ অক্টোবর ২০২৬, ০৭:৫৯ PM

ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে বৃহস্পতিবার (১ অক্টোবর) সকাল ১০টার দিকে থানা পুলিশের একটি টিম গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করে। এসময় পুলিশ আশুগঞ্জ টোলপ্লাজা এলাকা হতে ২ জন মাদক কারবারিকে গ্রেফতার করে। তাদের কাছ থেকে ৬ কেজি গাঁজা উদ্ধার করে।

অপর এক অভিযানে আশুগঞ্জ থানা পুলিশ দুপুর ১২.৩৫ ঘটিকায় আশুগঞ্জ টোলপ্লাজা এলাকা হতে ১টি প্রাইভেটকার আটক করে। প্রাইভেটকারটি তল্লাশি করে পুলিশ ৯৬ বোতল ফেন্সিডিল সিরাপসহ ১ জন মাদক কারবারীকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত আসামিরা হলেন - মোঃ মাসুদ আলম, পিতা- আব্দুল কাদের, রাজেশপুর, সদর দক্ষিণ, কুমিল্লা। মোঃ রাসেল, পিতা- মোঃ কালাম মিয়া, বড় বাজার) চন্দন শাহ বাগান বাড়ি) ,আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া। মোঃ রুহুল আমিন, পিতা- রজব আলী, রূপগঞ্জ, গোদারাঘাট, রুপগঞ্জ, নারায়নগঞ্জ।

মিডিয়া উইং জেলা পুলিশ, ব্রাহ্মণবাড়িয়ার এক প্রেস বিজ্ঞপ্তিতে এতথ্য জানানো হয়।

এ-সংক্রান্ত আশুগঞ্জ থানায় পৃথক দুইটি মাদক মামলা রুজু করা হয়েছে।

এ বিভাগের আরও খবর

টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক
গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...

পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে □ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান□ অনুষ্ঠিত হয়েছে। শনিবার...

৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পাবনার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গ্...

তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু

সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/ashugnje-ganja-o-fensidilsh-3-madk-karbari-greftar